

আমি এবং একটুরো মেঘ

প্রফুল্ল পাল

একদিন ছুটির দুপুরবেলা সবাই যখন ঘুমিয়ে
বা দূরদর্শনে মেগা সিরিয়ালে মশগুল, তখন
ভেসে যাওয়া একটুকরো মেঘ আমার লেখার টেবিলে
এসে আমাকে জিজ্ঞেস করেছিল, কী লিখছ একা একা ?
থতমত খেয়ে বলেছিলাম, লিখতে হলে তো
একা একাই লিখতে হয় আর মেঘ বিষয়ক বিষণ্ণতা
সে তো ছুটির দুপুরবেলার নির্জনতা বড় ভালোবাসে
এই যে খন্ডমেঘ ছিটকে এসেছে আমার টেবিলে ।

এভাবে অনেকক্ষণ একথা সেকথার পর মূল মেঘস্ত্রোত থেকে
পালিয়ে ঐ একটুকরো মেঘকে আমারও পাল্টা প্রশংস ছিল,
আচ্ছা তুমিই বা একা এভাবে কবির টেবিলে চলে এলে কেন ?
অপ্রস্তুত মেঘ কোনো উত্তর না দিয়ে লজ্জায় গলে গিয়েছিল সেদিন,
একদিন ছুটির দুপুরবেলা সবাই যখন ঘুমিয়ে
আমি এবং একটুকরো মেঘ দু'খন্ড ভেসে গিয়েছিলাম শুন্যের বুকে ।